দর্শনার পৌর প্রশাসকের পদোন্নতিতে ফুলেল শুভেচ্ছা

দর্শনা পৌর প্রশাসক মো. শাহিন আলম বাংলাদেশ সিভিল সার্ভিস নিয়োগ বিধিমালা, ১৯৮১-এর বিধি ৫(বি) অনুযায়ী সিনিয়র স্কেল (সিনিয়র সহকারী সচিব) পদে পদোন্নতি পেয়েছেন।

পদোন্নতি উপলক্ষে গতকাল রবিবার বিকাল ৪টায় মেয়রের কার্যালয়ে পৌর কর্মচারী ইউনিয়নের পক্ষ থেকে তাকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়। শুভেচ্ছা বিনিময় শেষে আরিফিন হোসেনের সভাপতিত্বে সংক্ষিপ্ত আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

পৌর প্রশাসক শাহিন আলম বলেন, আমার চাকরিজীবনের শুরুতে এ দায়িত্ব অনেক বড় বোঝা মনে হতো। কিন্তু কিছুদিন পর বুঝতে পারলাম, এটি মানুষের সেবা করার অন্যতম বড় মাধ্যম। খুব সহজেই মানুষের কাছে পৌঁছানো যায় এবং সামান্য সহযোগিতায় মানুষকে খুশি করা সম্ভব। আমারও মানুষের সেবা করার ইচ্ছা ছিল, আর সেই সুযোগ আপনারাই করে দিয়েছেন।

তিনি আরও বলেন, আপনারা যদি আমাকে সহযোগিতা না করতেন, তাহলে আমি কিছুই করতে পারতাম না। যতটুকু পৌরবাসীকে সেবা দিতে পেরেছি, তার চেয়ে আমি আরও বেশি ভালোবাসা ও সম্মান পেয়েছি। জানি না কতদিন আপনাদের পাশে থাকতে পারব, তবে যতদিন আছি, আপনাদের সুখে-দুঃখে পাশে থাকব, ইনশাআল্লাহ।

আলোচনা সভায় বক্তব্য রাখেন প্রধান সহকারী শাহ আলম, পৌর কর নির্ধারক জাহিদুল ইসলাম, কার্য সহকারী হারুন অর রশিদ, লাইসেন্স পরিদর্শক মমিনুল ইসলাম, সহকারী কর আদায়কারী গোলাম কিবরিয়া ও শফিকুল ইসলাম এবং টিকাদান সুপারভাইজার আ. মজিদ।

এ সময় পৌরসভার অন্যান্য কর্মকর্তা-কর্মচারীরাও উপস্থিত ছিলেন।

কনকনে শীতে রাতে হতদরিদ্র বয়স্ক ছিন্নমূল মানুষের মাঝে কম্বল বিতরণ করলেন পৌর প্রশাসক

কনকনের শীতে রাতের বেলায় বিভিন্ন ওয়ার্ড়ে ঘুরে হতদরিদ্র বয়স্ক ছিন্নমূল মানুষের মাঝে কম্বল বিতরণ করেন, দর্শনা পৌর প্রশাসক শাহিন আলম। গতকাল সোমবার সন্ধ্যা দর্শনা হল্ট ষ্টেশন বাসস্ট্যান্ড সহ বিভিন্ন মহল্লায় শতাধিক কম্বল বিতরণ করেন।

তিনি বলেন, চুয়াডাঙ্গা জেলায় প্রায় সময় সর্বনিম্ন তাপমাত্রা ৮/৯ ডিগ্রি থাকে। আমরা চেষ্টা করছি যতটুকু পারি মানুষের সাহায্য করতে। সন্ধ্যার পর থেকে গভীর রাত্র পর্যন্ত দর্শনা পৌরসভার বিভিন্ন ওয়ার্ডে হত দরিদ্র ছিন্নমূল মানুষে মাঝে সামান্য কম্বল করে শীত নিবারণের জন্য চেস্টামাত্র।

দর্শনায় অনেক ধনী মানুষ আছে। আপনাদের মাধ্যম আহ্বান জানাচ্ছি সকলে যেন অসহায় মানুষের পাশে দাড়াতে। এসময় উপস্থিত ছিলেন, দর্শনা পৌরসভার সচিব সাজেদুর আলম, প্রধান সহকারী রুহুল আমিন, উচ্চমান সহকারী শাহ আলম, কর নির্ধারক জাহিদুল ইসলাম, হিসাবরক্ষক আরিফিন হোসেন, লাইসেন্স পরিদর্শক মোমিনুল ইসলাম, কার্য্য সহকারী হারুন অর রশিদ।

দর্শনায় তরুণ আবিষ্কারক জাহিদকে সম্মানস্বরূপ আর্থিক

সহায়তা দিলেন পৌর প্রশাসক

দর্শনা সরকারি কলেজের মেধাবী শিক্ষার্থী এবং তরুণ বিজ্ঞানী জাহিদ হাসান জিহাদকে তার উদ্ভাবনী কাজের স্বীকৃতি হিসেবে সম্মানস্বরুপ আর্থিক সহায়তা প্রদান করেছে দর্শনা পৌরসভা। গতকাল মঙ্গলবার দুপুরে পৌরসভা কার্যালয়ে এক অনুষ্ঠানে পৌর প্রশাসক কে এইচ তাসফিকুর রহমান এই অর্থ সহায়তা জিহাদের হাতে তুলে দেন।

তিনি বলেন, এ ছোট ছেলেটি নিজের মেধাকে কাজে দেশসেরা উদ্ভাবক নির্বাচিত হয়েছেন। সে আজ দেশের সম্মান বৃদ্ধি করার লক্ষ্যে মালয়েশিয়ায় যাচ্ছেন। তার রোবটিক উদ্ভাবন শক্তি দ্বারা সে যেন দেশের সম্মান আরও বৃদ্ধি করতে পারে সেই দোয়া করি। আমাদের ক্ষুদে বিজ্ঞানীরাই একদিন নতুন নতুন আবিষ্কারের মাধ্যমে বাংলাদেশকে বিশ্ব দরবারে অন্যরকম উচ্চতায় নিয়ে যাবে। জিহাদের মতো প্রতিভাবান তরুণদের পাশে থাকতে পেরে দর্শনা পৌরসভা গর্বিত। তার স্বপ্ন পূরণে আমরা সবসময় সহযোগিতা করব।

এসময় আরও উপস্থিত ছিলেন, পৌর সচিব সাজেদুল আলম, পৌর হিসাবরক্ষক আরিফিন হোসেন, করনির্ধারক জাহিদুল ইসলাম, উচ্চমান সহকারী শাহ আলম, প্রধান সহকারী রুহুল আমিনসহ অন্যান্য কর্মচারীবৃন্দ।

দর্শনায় পূজা মন্দির পরিদর্শন ও উপহার তুলে দিলেন পৌর প্রশাসক

চুয়াডাঙ্গার দর্শনায় পূজা মন্দির পরিদর্শন করে উপহার তুলে দিলেন পৌর প্রশাসক কে এইচ তাসফিকুর রহমান। সনাতন ধর্মাম্বলম্বিদের সব থেকে বড় উৎসব শারদীয় দূর্গা পূজা শুরু হবে আগামী ৯ অক্টোবর। নির্বিঘ্নে এই উৎসব পালনের লক্ষ্যে প্রতিটি মন্দিরে সিসি ক্যামেরা স্থাপনা সহ বিভিন্ন বিষয়ে দিকনির্দেশনা মূলক আলোচনা করেন এবং নির্ভয়ে এ উৎসব পালনে সব ধরণের সহ যোগীতার আস্বস্ত

করেছেন পৌর কর্তৃপক্ষ।

দর্শনা পৌর এলাকার পূজা মন্দির পরিদর্শন করেছেন পৌর প্রশাসক সহ দায়িত্ব প্রাপ্ত ওয়ার্ড কাউন্সিলর ও কর্মকর্তা-কর্মচারীগণ। আজ সোমবার দুপুরের দিকে মন্দির কমিটির নেতৃবৃন্দের সাথে সৌজন্য স্বাক্ষাতের পাশাপাশি অর্থ উপহার তুলে দেয়া হয় পৌরসভার পক্ষ থেকে।

এ সময় উপস্থিত ছিলেন, দর্শনা পৌরসভার দায়িত্ব প্রাপ্ত কাউন্সিলর দামুড়হুদা উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা হুসনে জাহান, উপজেলা একাডেমী সুপারভাইজার রাফিজুল ইসলাম, দর্শনা পৌরসভার প্রধান সহকারী রুহুল আমিন খান, পৌর করনিক সরোয়ার হোসেন, এছাড়াও পৌরসভার কর্মকর্তা-কর্মচারীগণ উপস্থিত ছিলেন।